

তাহের ম.শায়েখ

কিছু কিছু কথা আছে, আছে সম্পর্ক

রোদ্-ফাটা জমি'র কৃষক যেমন বৃষ্টিপাত চায় তুমুল
ফসলের জন্য- নিশ্চিন্ত করবে অনাগত দিন
সুফলা; তেমনি আমি- অস্তিত্বের মূল
কাঁপানো অলিঙ্গনে; অ-লব্ধে আগুন-বুকে
ফিরি- জনাকীর্ণ বন্দরে ব্যথিত মৃত্তিকা; বসে থাকে মুখোমুখি একা একা।

কিছু কিছু কথা আছে, কিছু কিছু সম্পর্ক
অ-প্রয়াসে ভুল ক্ষমাহীন পৃষ্ট হয়, ফেব্রুয়ারী ছয়;
আমি দেবী প্রেম-প্রাচীর, রুখেছি তোমার নিশ্চিত অবক্ষয়,
ফেব্রুয়ারী সাত
ভুলে গেলে নাকি! আমি সে-ই মমতার হাত,
ফেব্রুয়ারী আট-মিথ্র হেসে
কেমন আছে? আমি .. যে চুমেছি সারারাতের বিষ আজ প্রত্যুষে,
ফেব্রুয়ারী নয়- বেশ অহংকারী;
সৌরভানন্দ আমি অনশ্বর শরীরী!
আনন্দাশ্রু-নেত্রে “ভালোবাসা” ডাকে
রাতের শেষার্ধ্বে স্মৃতি জেগে থাকে বুকে পিঠে ...